

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ
বিচার শাখা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি নং-১৪/২০২৪

জে,

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন উপলক্ষে সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় অবস্থিত সকল অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৫ জুন ২০২৪ তারিখ বুধবার সাধারণ ছুটি ঘোষণা।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-৪ শাখা কর্তৃক জারিকৃত ২৭ মে ২০২৪ খ্রিষ্টাব্দ/১৩ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ তারিখের ০৫.০০.০০০০.১৭৩.০৮.০২০.২৪.৬৫ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের চাহিদা মোতাবেক ৫৮ টি উপজেলা পরিষদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) সাধারণ নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৫ জুন ২০২৪ তারিখ সংশ্লিষ্ট নির্বাচনি এলাকায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে।

২। নির্বাচন কমিশন সচিবালয়ের ২৮ মে ২০২৪ খ্রিষ্টাব্দের ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৬.২৪-৩৮৪ নং প্রজ্ঞাপনমূলে গত ২৩ মে ২০২৪ তারিখে স্থগিতকৃত ষষ্ঠ উপজেলা পরিষদের ৩য় ধাপে ২৯ মে ২০২৪ তারিখে অনুষ্ঠেয় যশোর জেলার যশোর সদর উপজেলা পরিষদের নির্বাচন আইন ও বিধি অনুসারে পূর্ব নির্দেশনার আলোকে পদ্ধতিগতভাবে ৪র্থ ধাপে ০৫ জুন ২০২৪ তারিখে ভোটগ্রহণের মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্বাচন কমিশন সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

৩। এমতাবস্থায়, যশোর, নওগাঁ, সুনামগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া জেলার আদালত/ট্রাইব্যুনালসমূহ এবং পটুয়াখালী জেলার কলাপাড়া, ভোলা জেলার মনপুরা ও চরফ্যাশন, বরগুনা জেলার আমতলী, কিশোরগঞ্জ জেলার বাজিতপুর, সিলেট জেলার জকিগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর, চট্টগ্রাম জেলার বাঁশখালী টৌকি আদালতসমূহ নির্বাচনি এলাকায় অবস্থিত হওয়ায় উক্ত আদালত/ট্রাইব্যুনাল/টৌকি আদালতসমূহ ভোটগ্রহণের দিন অর্থাৎ আগামী ০৫ জুন ২০২৪ তারিখ বুধবার সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে।

৪। উল্লেখ্য যে, বর্ণিত যেসকল জেলার সদর উপজেলায় অবস্থিত আদালত/ট্রাইব্যুনালসমূহ সাধারণ ছুটির আওতাভুক্ত থাকবে সেসকল জেলার কোনো টৌকি আদালত যদি নির্বাচনি এলাকার বাইরে অবস্থিত থাকে, সেসব টৌকি আদালত সাধারণ ছুটির আওতার বাইরে থাকবে।

স্বাক্ষরিত

(এসকে.এম. তোফায়েল হাসান)

রেজিস্ট্রার (বিচার)

হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ফোন: ০২২২৩৩৫৮৭৮০

E-mail: registrar.judicial@supremecourt.gov.bd


স্মারক নং- ১ জে-৪৪/১৫(অংশ-১)-৫২৬৯

জে,

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুন ২০২৪ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, যশোর/নওগাঁ/পটুয়াখালী/ভোলা/বরগুনা/কিশোরগঞ্জ/সুনামগঞ্জ/সিলেট/ব্রাহ্মণবাড়িয়া/চট্টগ্রাম [সংশ্লিষ্ট সকলকে অবগত করার অনুরোধসহ]।
- ৩। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, ১ ও ২, যশোর/১ ও ২, নওগাঁ/সুনামগঞ্জ/১, ২ ও ৩ ব্রাহ্মণবাড়িয়া।
- ৪। বিশেষ জজ (জেলা জজ), বিশেষ জজ আদালত, যশোর।
- ৫। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, যশোর/নওগাঁ/সুনামগঞ্জ/ব্রাহ্মণবাড়িয়া।
- ৬। মাননীয় রেজিস্ট্রার জেনারেল মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। গণসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট।
- ৯। অফিস কপি।


(শোভন শাহরিয়ার) 4.6.24

সহকারী রেজিস্ট্রার (বিচার)

ফোন: ০২২২৩৩৫৮৫৮৩।

E-mail: shovon.arjudicial@supremecourt.gov.bd